অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে পুরো স্টেটে পানি অবকাঠামো ও স্থিতিশীলতা প্রকল্পের জন্য 600 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করে হবে, তিনি নতুন স্থিতিশীল নিউ ইয়র্ক এজেন্ডার রূপরেখা প্রদান করেন

গভর্নর পরিবর্তিত নামে "ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার অ্যান্ড গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট" এর জন্য অতিরিক্ত 1 বিলিয়ন মার্কিন ডলার যোগ করার প্রস্তাব দিলেন

বর্জ্য পানির অবকাঠামো উন্নয়নের পরিকল্পনা, ঝুঁকি প্রশমন, এবং সিস্টেমের ব্যর্থতা কমাতে মিউনিসিপালিটিগুলির জন্য অতিরিক্ত 10 মিলিয়ন মার্কিন ডলার; সবুজ উদ্ভাবনী প্রকল্পের জন্য আরো 5 মিলিয়ন মার্কিন ডলার

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে পুরো স্টেটে অবকাঠামো উন্নয়ন ও সম্প্রদায়সমূহকে বন্যা ও জলবায়ু-চালিত তীব্র ঝড় ও অন্যান্য আবহাওয়ার ঘটনার প্রভাবের মুখে আরো স্থিতিশীল করতে প্রয়োজনীয় প্রকল্পসমূহকে ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার অ্যাক্ট (Water Infrastructure Improvement Act, WIIA), ওয়াটার কোয়ালিটি ইম্প্রুভমেন্ট প্রোজেক্ট (Water Quality Improvement Project, WQIP) প্রোগ্রাম, এবং ইন্টারমিউনিসিপ্যাল গ্রান্ট (Intermunicipal Grant, IMG) প্রোগ্রামের মাধ্যমে 600 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। এইসব অনুদান সম্প্রদায়গুলির বন্যা মোকাবেলার ক্ষমতা বৃদ্ধি করবে এবং জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষা করে এমন পানি অবকাঠামো প্রকল্পে তহবিল প্রদান করবে। পাশাপাশি, অ্যাসেট ম্যানেজমেন্ট প্রোগ্রাম স্থাপন করার জন্য সরকারি মালিকানার ট্রিটমেন্ট ওয়ার্কস অ্যাসেট ম্যানেজমেন্ট প্রোগ্রাম (Publicly Owned Treatment Works Asset Management Program) 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে যা মিউনিসিপালিটিগুলিকে বিনা খরচে বর্জ্য পানি অবকাঠামো ব্যবস্থা পর্যবেক্ষণ, সুরক্ষা এবং দায়িত্বশীলভাবে এর উন্নয়ন পরিকল্পনা করতে সাহায্য করবে। ঝড়ের পানি, এবং পানি ও শক্তি দক্ষতা নিয়ে কাজ করার জন্য গ্রিন ইনোভেশন গ্রান্ট প্রোগ্রাম (Green Innovation Grant Program, GIGP) সম্প্রদায়গুলিকে 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। আশা করা হচ্ছে যে বিশাল এই সরকারি তহবিল প্রদানের ফলে উৎপাদন, প্রকৌশল, নির্মাণ, প্ল্যান্ট পরিচালনা ও সংশ্লিষ্ট শিল্পক্ষেত্রে কর্মসংস্থান সৃষ্টি হবে।

গভর্নর হোচুল অত্যাবশ্যক সবুজ অবকাঠামো প্রকল্পে স্টেটের বিনিয়োগ ক্ষমতা ত্বরান্বিত করার জন্য স্টেটের এজেন্সিগুলিকে নির্দেশনা দিচ্ছেন, এবং তিনি বন্ড আইনের জরুরি বিনিয়োগের গুরুত্ব বোঝানোর জন্য "ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার অ্যান্ড গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড

অ্যাক্ট (Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act)" এর নাম পরিবর্তনের প্রস্তাব দিয়েছেন, এবং এই প্রস্তাব নিশ্চিত করতে এবং নিউ ইয়র্কবাসীর ও পরিবেশ সুরক্ষায় স্টেটের স্থিতিশীলতা এজেন্ডা অগ্রসর করতে এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ড (Environmental Protection Fund, EPF) , ক্লিন ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার অ্যাক্ট (Clean Water Infrastructure Act) ও এনভায়রনমেন্টাল এজেন্সির (Environmental Agency) ব্যয় যথাযথভাবে বিন্যস্ত কিনা তা নিশ্চিত করতে আইনসভার সাথে কাজ করবেন। পাশাপাশি, গভর্নর ঘোষণা করেছেন যে তিনি "ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার অ্যান্ড গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট" এর তহবিল 1 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করার প্রস্তাব দিবেন, যার ফলে মোট তহবিল হবে 4 বিলিয়ন মার্কিন ডলার।

"মানুষের কর্মসংস্থান সৃষ্টি করে এমন শুরু করার জন্য একদম প্রস্তুত প্রকল্প অগ্রসর করার জন্য আমাদের সম্প্রদায়গুলির কাছে আর্থিক সক্ষমতা থাকা অতি গুরুত্বপূর্ণ। এই প্রচেষ্টাগুলি বন্যা ও অন্যান্য জলবায়ুর প্রভাব থেকে আমাদের সম্প্রদায়গুলিকে রক্ষা করতে আমাদের অবকাঠামোকে উন্নত করবে," **গভর্নর হোচুল বলেন।** "আজকের ঘোষিত তহবিল কর্মসংস্থান সৃষ্টি করবে এবং পুরো স্টেটে অত্যাবশ্যকীয় পানির মান উন্নয়ন প্রকল্পকে অগ্রসর করবে যা আমাদের জনগণের পানির ব্যবস্থা সুরক্ষিত রাখা ও আমাদের পরিবর্তনরত জলবায়ুর জন্য আমাদেরকে আরো ভালোভাবে প্রস্তুত রাখা নিশ্চিত করবে। সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও ভালো থাকা নিশ্চিত করার জন্য নিরাপদ খাবার পানি সরবরাহ নিশ্চিত করা অতি গুরুত্বপূর্ণ, এবং এটি অর্জনের একটি মুখ্য উপকরণ হল পানি অবকাঠামোর উন্নয়ন। তবে, নিউ ইয়র্ককে অবশ্যই এইসব অতি আবশ্যক অবকাঠামো প্রকল্পে আরো বড় বিনিয়োগ করতে হবে, যে কারণে আমি "ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার অ্যান্ড গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট" এ আরো অতিরিক্ত 1 বিলিয়ন মার্কিন ডলার যোগ করার প্রস্তাব করবো। যে সময় আমাদের স্টেট আমাদের নতুন জলবায়ু বাস্তবতা ও ফেডারেল অবকাঠামো তহবিল সঠিকভাবে ব্যবহারের প্রস্তুতি নিচ্ছে, তখন আমি আমাদের জনগণ ও অবকাঠামোকে সুরক্ষিত রাখার কাজে আমাদের সম্প্রদায়গুলিকে সাহায্য করার ব্যাপারে অঙ্গীকারবদ্ধ।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (New York State Department of Environmental Conservation, DEC) কমিশনার ও এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) বোর্ডের নেতা বেসিল সেগোস বলেন, "হেনরি ও আইডার মতো সাম্প্রতিক ঝড়গুলি মিউনিসিপ্যাল বর্জ্য পানির অবকাঠামোর জন্য যে পরিমাণ সমস্যা সৃষ্টি করেছে তা আগে কখনো দেখা যায়নি, এটি নিউ ইয়র্কের বার্ধক্যগ্রস্ত অবকাঠামো মজবুত করার অতি জরুরি প্রয়োজনকে চিহ্নিত করলো। এইসব ঝড়ের পরবর্তীতে, গভর্নর হোচুল সব থেকে বেশি ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলিতে মাঠ পর্যায়ে উপস্থিত ছিলেন এবং নিজের চোখে ক্ষয়ক্ষতি দেখেছেন। আজকের ঘোষণায় অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য শক্তিসম্পদ পানির উৎস নিরাপদ করা, বার্ধক্যগ্রস্ত অবকাঠামোর উন্নয়ন, এবং আগামী তীব্র ঝড় মোকাবেলার জন্য আরো ভালোভাবে প্রস্তুত থাকার জন্য টেকসই সমাধান অগ্রসর করতে ও আরো স্থিতিশীল ব্যবস্থা তৈরি করতে আমাদের সম্প্রদায়গুলির কাছে যাতে প্রয়োজনীয় সব শক্তিসম্পদ ও যন্ত্র থাকে তা নিশ্চিত করার জন্য গভর্নরের অঙ্গীকারকে চিহ্নিত করে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ হাওয়ার্ড জুকার বলেন, "চরম জলবায়ু সঙ্কটের সময়, সনাতনী ব্যবস্থা উন্নত করতে অগ্রগামী চিন্তার কৌশল দিয়ে নিরাপদ ও বিশ্বস্ত পরিষ্কার খাবার পানির ব্যবস্থা নিশ্চিত করা এখন আগের যেকোনো সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্কের সরকারি খাবার পানির ব্যবস্থার, যার মধ্যে অনেকগুলি বার্ধক্যগ্রস্ত, বিশাল নেটওয়ার্কের নিয়ন্ত্রক হিসেবে, ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health, DOH) পুরো স্টেটের সম্প্রদায়গুলির মধ্যে এইসব অত্যাবশ্যক অবকাঠামো প্রকল্পের তহবিলকে অগ্রাধিকার প্রদান অব্যাহত রাখার জন্য গভর্নর হোচুলের সাথে কাজ করতে উন্মুখ।"

EFC এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও প্রধান পরিচালনা কর্মকর্তা মলি লার্কিন বলেন, "নিউ ইয়র্ক স্টেটের সিস্টেমগুলি যখন প্রকৃতি ও তাদের বার্ধক্যের দ্বারা প্রতিনিয়ত পরীক্ষার সম্মুখীন হচ্ছে সেই সময় গভর্নর হোচুল পানি অবকাঠামোতে বিনিয়োগকে অগ্রাধিকার দেওয়ার মূল্য পরিষ্কারভাবেই বুঝেন। তিনি অবকাঠামো প্রকল্পের সাফল্য নিশ্চিত করার ব্যাপারে সাহায্য করবে এমন সাশ্রয়ী অর্থায়ন ও গুরুতর পরিকল্পনা প্রক্রিয়া একত্রিত করার গুরুত্ব বুঝেন। কোভিডের ফলে কর্মীদের অফিস সেটিং থেকে বাড়িতে স্থানান্তর আবাসিক খাবার পানি ও বর্জ্য পানির সিস্টেমে অভূতপূর্ব ও অনাকাঙ্ক্ষিত চাপের সৃষ্টি করেছে যা সিস্টেমগুলির রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের প্রয়োজন দৃষ্টিগোচর করছে।"

বাফেলো নায়াগ্রা ওয়াটারকিপারের (Buffalo Niagara Waterkeeper) নির্বাহী পরিচালক জিল জেডলিকা বলেন, "নিউ ইয়র্ক একটি গ্রেট লেক স্টেট, এবং বিশ্বের সর্ববৃহৎ মিঠাপানির সিস্টেমের স্বাস্থ্য ও সুরক্ষা আমাদের সম্প্রদায় ও অর্থনীতির জন্য শীর্ষ অগ্রাধিকার হওয়া উচিত। জলবায়ু স্থিতিশীলতা নিশ্চিত করতে এবং একই সাথে আমাদের বার্ধক্যগ্রস্ত পানি ও সিউয়ার অবকাঠামোতে (বিশেষ করে পশ্চিম নিউ ইয়র্কে) অতি প্রয়োজনীয় বিনিয়োগ ত্বরান্বিত করতে আমাদের ঠিক যেরকম নেতৃত্ব দরকার, আমাদের স্টেটের পানির উৎস ও পরিবেশের প্রতি গভর্নর হোচুলের অঙ্গীকার ঠিক তাই। পরিবেশ সংক্রান্ত ও পানির উৎস সুরক্ষা বিলাসিতা নয়, বরং এটি আমাদের খাবার পানি, ইকোসিস্টেম, ও পানির পাশের সম্প্রদায়গুলির সুরক্ষার্থে প্রয়োজনীয় একটি অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। তার সাহসী দূরদর্শিতার জন্য আমরা গভর্নরের প্রশংসা করছি।"

নেচার কনজারভেন্সির (The Nature Conservancy) নিউ ইয়র্ক পলিসি ও স্ট্র্যাটেজি পরিচালক জেসিকা ওটনি মাহার বলেন, "নেচার কনজারভেন্সি নিউ ইয়র্ক জুড়ে সম্প্রদায়গুলিতে পরিষ্কার পানি সুরক্ষা করতে অতি প্রয়োজনীয় তহবিল হিসেবে 600 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার জন্য গভর্নর হোচুলের আজকের ঘোষণার প্রশংসা করছে। এই অর্থ অবকাঠামোর আধুনিকায়ন করবে, পরিষ্কার খাবার পানি সুরক্ষিত করবে, এবং আমাদের লেক, নদী, এবং ঝর্ণার পানি দূষিত হওয়া প্রতিহত করবে এবং একইসাথে ভালো স্থানীয় কর্মসংস্থান সমর্থন করবে। 2022 এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট (Environmental Bond Act) আরো 1 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করে মোট 4 বিলিয়ন মার্কিন ডলার করতে গভর্নরের প্রস্তাব বৈশ্বিক উষ্ণতা থেকে আমরা যে সমস্যাগুলির সম্মুখীন হচ্ছি যেমন ঘন ঘন ঝড় ও আরো প্রতিকূল আবহাওয়া, তা প্রতিহত করতে সম্প্রদায়গুলিকে আরো সাহায্য করবে। নেচার কনজারভেন্সি আমাদের পরিবেশ রক্ষা করতে, কর্মসংস্থান সৃষ্টি করতে, এবং আগামী নভেম্বর এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট পাশ করতে গভর্নর হোচুল, স্টেটের এজেন্সিসমূহ, এবং

আইনসভার সাথে কাজ করার জন্য উন্মুখ,” বলেন নেচার কনজারভেন্সির নিউ ইয়র্ক পলিসি ও স্ট্র্যাটেজি পরিচালক জেসিকা ওটনি মাহার।

নিউ ইয়র্ক লিগ অফ কনজার্ভেশন ভোটারস (New York League of Conservation Voters) এর প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "ঠিক নিউ ইয়র্ক সিটির জলবায়ু সপ্তাহের সময়ে, গভর্নর ক্যাথি হোচুল যে পরিবেশকে অগ্রাধিকার প্রদান করছেন এবং একটি পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর নিউ ইয়র্ক তৈরিতে অতিরিক্ত বিনিয়োগ ঘোষণা করছেন সে ব্যাপারে আমরা আনন্দিত। পানি অবকাঠামোর জন্য 600 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ প্রদান করার আজকের ঘোষণাটিই আমাদের এই মুহূর্তে প্রয়োজন ছিল। কিন্তু আমরা জানি যে এটি যথেষ্ট নয়, তাই জলবায়ুর প্রভাবের মোকাবেলা ও 'ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার অ্যান্ড গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট' এর নাম পরিবর্তন করতে গভর্নর যে অতিরিক্ত 1 বিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাব দিচ্ছেন আমরা সে ব্যাপারে অত্যন্ত আনন্দিত। আমরা আমাদের পানি পরিষ্কার করতে পারবো, জলবায়ুর পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করতে পারবো এবং সবুজ কর্মসংস্থান সৃষ্টি করতে পারবো। জলবায়ু সঙ্কট আমাদের দ্বারপ্রান্তে, তাই আমাদের নির্বাচিত কর্মকর্তাদের থেকে ঠিক এই রকম দূরদর্শী পদক্ষেপই আমাদের প্রয়োজন।"

অডুবন নিউ ইয়র্কের (Audubon New York) পলিসি ম্যানেজার এরিন ম্যাকগ্রা বলেন, "পাখিরা আমাদের জানাচ্ছে যে আমরা জলবায়ু জরুরি অবস্থার মধ্যে আছি এবং এটি আমাদের সম্প্রদায়, জমি, ও আমাদের পানির উপর অত্যন্ত বিরূপ প্রভাব ফেলছে। আমাদের পরিবেশ সংরক্ষণ ও পুনঃস্থাপনে বিনিয়োগ বর্তমানে পূর্বের যেকোনো সময়ের থেকে বেশি প্রয়োজন, এবং পরিষ্কার পানি অবকাঠামো ও জলবায়ু স্থিতিশীলতার জন্য, যার মধ্যে রয়েছে জলাভূমি ও লবণাক্ত জলাভূমির পুনঃস্থাপন ও বর্ধনে অতি গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সমাধান, বর্ধিত তহবিল জলবায়ুর বিরূপ প্রভাবের সম্মুখীন সম্প্রদায়গুলিকে সরাসরি সমর্থন প্রদান করবে। এইসব ঝুঁকির মোকাবেলায় পদক্ষেপ নেওয়া এবং পাখি ও মানুষের আবাসকে সুরক্ষিত রাখতে বর্ধিত তহবিলের অঙ্গীকারের জন্য আমরা গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই।"

সিটিজেনস ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্টের (Citizens Campaign for the Environment) নির্বাহী পরিচালক আড্রিয়ান এসপোসিতো বলেন, "আমরা অত্যন্ত আনন্দিত যে পরিষ্কার পানি অবকাঠামোর জন্য অব্যাহত বলিষ্ঠ তহবিল প্রদান গভর্নর হোচুলের প্রশাসনের একটি মুখ্য বৈশিষ্ট্য হবে! এই অতি গুরুত্বপূর্ণ তহবিল পরিষ্কার ও সাশ্রয়ী খাবার পানি সরবরাহ করে, জনস্বাস্থ্য রক্ষা করে, এবং অর্থনৈতিক বিকাশ করে। সম্প্রদায়গুলিকে ক্ষতিকর স্যুয়েজ উপচে পড়া প্রতিরোধ, খাবার পানিতে উদীয়মান দূষক অপসারণ, এবং হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করতে দেয় এমন অনুদানগুলি অগ্রসর করার জন্য আমরা গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই। নিউ ইয়র্কের যেই সম্প্রদায়গুলির পরিষ্কার পানির চাহিদা ও প্রয়োজন রয়েছে তারা এইসব প্রোগ্রামকে বিস্তৃতভাবে সমর্থন করে।"

WQIP প্রোগ্রাম হল একটি DEC অনুদান প্রোগ্রাম যা নথিভুক্ত পানির মানের দুর্বলতা বা খাবার পানির উৎসের সুরক্ষা নিয়ে সরাসরি কাজ করে এমন প্রকল্পগুলিকে তহবিল প্রদান করে। স্টেটের এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ডের (Environmental Protection Fund, EPF) অংশ হিসেবে, WQIP প্রকল্পগুলি পানির মান উন্নয়ন, ক্ষতিকর শৈবাল প্রস্ফুটনের (harmful algal

blooms, HABs) সম্ভাব্যতা হ্রাস, ও পুরো স্টেটে সরকারি খাবার পানি সুরক্ষার কাজ করে। উদ্যোগগুলির মধ্যে রয়েছে পানির উৎস সুরক্ষার জন্য ভূমি অধিগ্রহণ প্রকল্প, মিউনিসিপ্যাল বর্জ্য পানি ট্রিটমেন্ট উন্নয়ন, কৃষিজ নয় এমন ননপয়েন্ট উৎস হ্রাস ও নিয়ন্ত্রণ, লবণ ভাণ্ডার, এবং জলজ জন্মস্থান পুনঃস্থাপন ইত্যাদি।

EFC বর্জ্য পানি ও খাবার পানি প্রকল্পের জন্য অনুদান প্রদান করতে WIIA ও IMG প্রোগ্রামগুলি পরিচালনা করবে, এর জন্য তারা DOH ও DEC এর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে। প্রোগ্রামগুলি পানির মান উন্নত করে এমন স্যুয়েজ ট্রিটমেন্ট প্রকল্প ও জনস্বাস্থ্য, উদয়ীমান দূষককে অগ্রাধিকার দেয় ও আঞ্চলিক সমাধান করতে স্থানীয় সরকারকে উৎসাহিত করে এমন খাবার পানির প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করবে।

2015 সালে WIIA প্রোগ্রামের সূচনালগ্ন থেকে, স্টেট EFC এর মাধ্যমে পরিষ্কার ও খাবার পানির জন্য 1 বিলিয়নের বেশি মার্কিন ডলার প্রদান করেছে, যার মধ্যে রয়েছে 2019 সালে অনুদান হিসেবে প্রদত্ত 300 মিলিয়নের বেশি মার্কিন ডলার।

সরকারের স্থানীয় ইউনিটগুলি যেসব তহবিলের জন্য আবেদন করতে পারবে:

- WIIA অনুদান যা 25 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত একটি উপযুক্ত বর্জ্য পানি প্রকল্পের মোট খরচের 25 শতাংশ পর্যন্ত তহবিল প্রদান করবে।
- WIIA অনুদান যা 3 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত একটি উপযুক্ত খাবার পানি প্রকল্পের মোট খরচের 60 শতাংশ পর্যন্ত তহবিল প্রদান করবে।
- সেবা ভাগ করে নিবে এমন সম্প্রদায়সমূহের জন্য IMG 30 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত একটি উপযুক্ত বর্জ্য পানি বা খাবার পানি প্রকল্পের মোট খরচের 40 শতাংশ পর্যন্ত তহবিল প্রদান করবে।
- স্টেট নির্ধারিত সর্বোচ্চ দূষণ মাত্রার (Maximum Contaminant Level, MCL) বেশি উদয়ীমান দূষক মোকাবেলা করে এমন প্রকল্পের জন্য EC মোট উপযুক্ত প্রকল্প ব্যয়ের 60 শতাংশ পর্যন্ত তহবিল প্রদান করবে।
- WQIP অনুদান যা খাবার পানির উৎসকে সুরক্ষিত করবে।
- সম্প্রদায়গুলি EFC ও DEC এর ওয়েবসাইটে তহবিলের ব্যাপারে আরো জানতে পারবে।

সরকারি মালিকানার ট্রিটমেন্ট ওয়ার্কস অ্যাসেট ম্যানেজমেন্ট প্রোগ্রাম

অ্যাসেট ম্যানেজমেন্ট প্রোগ্রাম স্থাপন করার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে যা মিউনিসিপালিটিগুলিকে বিনা খরচে বর্জ্য পানি অবকাঠামো ব্যবস্থা পর্যবেক্ষণ, সুরক্ষা এবং দায়িত্বশীলভাবে উন্নয়ন পরিকল্পনা করতে সাহায্য করবে। পুরো স্টেটের স্থানীয় সরকারগুলি যাতে আধুনিক ডিজিটাল যন্ত্র ব্যবহার করে তাদের সিউয়ার ও বর্জ্য পানির সিস্টেমের মানচিত্র বানাতে পারে সেজন্য তাদের প্রকৌশল পরামর্শদান সেবা ও কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রোগ্রামটি বর্জ্য পানির ট্রিটমেন্ট ব্যবস্থাপনায় একটি সক্রিয় ভূমিকা নিবে। এছাড়াও পরামর্শদান সেবা মিউনিসিপালিটিগুলিকে তাদের বর্জ্য পানির অ্যাসেটের ইনভেন্টরি তৈরি ও তাদের বর্তমান সিস্টেমের দুর্বলতা চিহ্নিত করা ও সিস্টেমে ব্যর্থতা দেখা দেওয়ার পূর্বেই সংস্কারের কাজ করতেও সাহায্য করবে। ব্যয়বহুল জরুরি সংস্কার কমানো ও সেবার ব্যাঘাত ঠেকানোর ক্ষমতা দূষণের

ঝুঁকি কমানোর মাধ্যমে জনস্বাস্থ্য ও পরিবেশকে সুরক্ষা করতে সাহায্য করবে। EFC প্রোগ্রামটি পরিচালনা করবে DEC এর সাথে অংশীদারিত্বে, যারা বর্জ্য পানির ফ্যাসিটিলির নিয়ন্ত্রণ তদারকি করে।

2021 সালে সম্পন্ন হওয়া DEC ও EFC পরিচালিত সফল পাইলটের, যা পুরো স্টেটের 10টি স্থানীয় সরকারকে তাদের বর্জ্য পানির অ্যাসেটের ইনভেন্টরি করা, তাদের বর্জ্য পানির অবকাঠামোর ঝুঁকি চিহ্নিত করা এবং তাদের সমস্যা মোকাবেলায় সাশ্রয়ী, বাস্তব সমাধান নির্ধারণ করার কাজে সাহায্য করেছিল, পরবর্তী ধাপ হল অ্যাসেট ম্যানেজমেন্ট প্রোগ্রাম। এই প্রোগ্রামের পরবর্তী পর্যায়ের অধীনে আনুমানিক 50টি পর্যন্ত সম্প্রদায়কে সেবা প্রদান করা হবে।

আসন্ন সপ্তাহগুলিতে পেশাদার প্রকৌশল সেবার আহ্বান করে যোগ্যতার অনুরোধ (Request for Qualifications, RFQ) রিলিজ করা হবে যার ফলে EFC ও DEC পরামর্শদানকারী প্রকৌশলীদের নিয়োগ দিতে পারবে। সাইটের জন্য নির্দিষ্ট অ্যাসেট ম্যানেজমেন্ট প্রোগ্রাম তৈরি করতে প্রকৌশলীরা সম্প্রদায়সমূহের সাথে কাজ করবে, এবং সম্প্রদায়গুলি যাতে নিজেরাই প্রোগ্রামটির রক্ষণাবেক্ষণ করতে পারে সেজন্য সফ্টওয়্যার ও প্রশিক্ষণ পাবে। আশা করা হচ্ছে যে সম্প্রদায়গুলি 2022 সালের শুরুতে প্রোগ্রামটির জন্য আবেদন করতে পারবে।

20 মিলিয়ন মার্কিন ডলার মূল্যমানের সবুজ অবকাঠামো অনুদান প্রোগ্রাম

প্রোগ্রামটিতে আরো 5 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত যা প্রদান করার জন্য EFC জমাকৃত আবেদনগুলি যাচাই করছে। GIGP পুরো নিউ ইয়র্ক স্টেটে এমন প্রকল্পকে সমর্থন করে যা অনন্য ঝড়ের পানির অবকাঠামো পরিকল্পনা করে এবং অত্যাধুনিক সবুজ প্রযুক্তি তৈরি করে। প্রতিবছর প্রতিযোগিতামূলক অনুদান প্রদান করা হয় সেই প্রকল্পগুলিকে যেগুলি কার্যকরী সবুজ ঝড়ের পানির অবকাঠামো, শক্তির কর্মদক্ষতা, ও পানির কর্মদক্ষতার মতো সবুজ অনুশীলনের এক বা একাধিক বাস্তবায়নের মাধ্যমে পানির মান উন্নয়ন করে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমন করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন